

# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ বিবৃতি

গার্ড অব অনার প্রদানে নারী ইউএনও থাকতে আপত্তি জানিয়ে সংসদীয় কমিটির সুপারিশ অসাংবিধানিক, বৈষম্যমূলক ও মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী : হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)

[১৪ জুন ২০২১, ঢাকা] বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুর পর গার্ড অব অনার দেওয়ার ক্ষেত্রে নারী উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) বিকল্প চেয়ে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় কমিটি বিকল্প ব্যক্তি নির্ধারণে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রণালয়কে যে সুপারিশ করেছে তা অসাংবিধানিক, বৈষম্যমূলক এবং মানবাধিকার ও মুক্তিযুদ্ধের চেতনা পরিপন্থী। সংসদ সচিবালয়ের এক বিজ্ঞপ্তি থেকে জানা গেছে, ১৩ জুন ২০২১ অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়েছে। এটা রাষ্ট্র দ্বারা নারীকে অধঃস্তন অবস্থানে ঠেলে দেয়ার একটি কুপ্রচেষ্টা। এই হীনমন্যতা ও ধৃষ্টতায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) যারপরনাই হতবাক ও ভীষণভাবে ক্ষুব্ধ।

জাতীয় সংসদে জনগনের অধিকার রক্ষায় আইন প্রণয়নের শপথ গ্রহণকারী সাংসদদের নিয়ে গঠিত অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কমিটির এমন বক্তব্য ও সুপারিশে ফোরাম বিস্মিত। রাজনীতি এবং সমাজের নেতৃত্বে যারা আছেন, তাদের এ হেন মানসিকতার কারনেই নারী নির্যাতন এতো প্রকট রূপ ধারণ করেছে। এদের আচরণেই পুরুষতান্ত্রিক মানসিকতায় আক্রান্ত নারী বিদ্রোহী এবং নারীর প্রতি বৈষম্যে বিশ্বাসী প্রতিক্রিয়াশীল গোষ্ঠী সমর্থন ও প্রশ্রয় পায়। স্বাধীনতার সপক্ষশক্তি বলে দাবীদার রাজনীতিকদের এ ধরনের ন্যাক্কারজনক উদ্যোগ অত্যন্ত নিন্দনীয়। এমন সুপারিশ রাষ্ট্রীয় দায়িত্বে নিয়োজিত নারীদের এবং তাদের ভূমিকার প্রতি চরম অবমাননা। জনজীবনে নারী ও পুরুষের মধ্যে যেকোন ধরনের বৈষম্য দূরীকরণে রাষ্ট্রের সাংবিধানিক বাধ্যবাধ্যকতার প্রতি চরম অবজ্ঞার সামিল। এ সুপারিশ বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১৯ (৩)-সুযোগের সমতা, অনুচ্ছেদ ২৭- আইনের দৃষ্টিতে সমতা এবং অনুচ্ছেদ ২৮- ধর্ম, প্রভৃতি কারণে বৈষম্য, এর সরাসরি লঙ্ঘন। একইসাথে এটি নারীর ক্ষমতায়ন ও নারীর মানবাধিকার রক্ষায় সরকারের জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকার বিশেষত রাষ্ট্র কর্তৃক অনুমোদিত নাগরিক ও রাজনৈতিক অধিকার সংক্রান্ত এবং নারীর প্রতি বৈষম্য নিরসন সংক্রান্ত জাতিসংঘ সনদের সাথে সাংঘর্ষিক। এ ধরনের বক্তব্য সংসদীয় কমিটির সদস্যদের জন্য সংবিধান ও নারী অধিকার বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয়তাকে আবারো সামনে নিয়ে এসেছে।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) অনতিবিলম্বে সুপারিশটি প্রত্যাহার করে নেয়ার জন্য কমিটির কাছে আহ্বান জানাচ্ছে।

### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), **Bandhu Social Welfare Society (BSWS)**, Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).